# বেগম জিয়াকে শ্রদ্ধা জানাতে ঢাকায় আসছেন ভারতের পররাষ্ট্রমন্ত্রী



সংগৃহীত ছবি

বিএনপি চেয়ারপারসন ও বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার মৃত্যুতে শ্রদ্ধা জানাতে ঢাকা সফরে আসছেন ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্কর। মঙ্গলবার (৩০ ডিসেম্বর) সন্ধ্যায় পররাষ্ট্র মন্ত্রণালয় এ বিষয়ে আনুষ্ঠানিকভাবে জানিয়েছে।

আগামী বুধবার বেগম খালেদা জিয়ার জানাজা অনুষ্ঠিত হবে। এতে যোগ দিতে পাকিস্তানের উপ-প্রধানমন্ত্রী ও পররাষ্ট্রমন্ত্রী ইসহাক দার, ভুটানের পররাষ্ট্রমন্ত্রী এবং মালদ্বীপের রাষ্ট্রপতির পক্ষ থেকে একজন প্রতিনিধি উপস্থিত থাকার কথা রয়েছে। এছাড়া ঢাকায় কর্মরত বিভিন্ন দেশের কূটনীতিকরাও জানাজায় অংশ নেবেন বলে জানা গেছে।

উল্লেখ্য, মঙ্গলবার ভোরে রাজধানীর এভারকেয়ার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন বেগম খালেদা জিয়া। তার মৃত্যুতে দেশের রাজনৈতিক অঙ্গনসহ আন্তর্জাতিক মহলেও শোক ও সমবেদনা জানানো হচ্ছে।

LENS ASIA